



কারখানায় জেভার ভিত্তিক সহিংসতা নিরসনে সজাগ কোয়ালিশন ও পোশাক শিল্প কারখানা কর্তৃপক্ষের মধ্যে চুক্তি স্বাক্ষর

গত ১১ ফেব্রুয়ারী ২০১৮ তারিখ সজাগ কোয়ালিশন এর ‘Initiative to End Gender-Based Violence in the Garments Industry’ প্রকল্পের অধীনে ৪টি পোশাক শিল্প কারখানা কর্তৃপক্ষের সাথে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয় উত্তরার Hotel High Garden -এ। সজাগ কোয়ালিশনের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন টিম লিডার মাহীন সুলতান। অনুষ্ঠানে সজাগ কোয়ালিশনভুক্ত ৫টি সংগঠনের (ব্লাক, ব্লাস্ট, ক্রিস্টিয়ান এইড, নারীপক্ষ, এসএনভি) প্রতিনিধি ও সংশ্লিষ্ট ৪টি কারখানার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রকল্পের পক্ষ থেকে বক্তব্য রাখেন ফারখিবা রাহাত খান- টিম লিডার RMG কর্মসূচি, SNV; রওশন আরা- প্রকল্প পরিচালক; মাহীন সুলতান- টিম লিডার এবং পোশাক শিল্প কারখানার পক্ষ থেকে মো: মহসীন হোসেন- সহকারী ব্যবস্থাপক, রিবন বেগম- সিনিয়র মানব সম্পদ অফিসার এবং আশরাফুল আহমেদ রঞ্জু।

সজাগ কোয়ালিশনের পক্ষ থেকে টিম লিডার মাহীন সুলতান এবং পোশাক শিল্প কারখানার পক্ষ থেকে চুক্তি স্বাক্ষর করেন Hydroxide Knitwear Ltd, এর পক্ষে রিবন বেগম- সিনিয়র মানব সম্পদ অফিসার, Millennium Textile (Southern) Ltd. ও Fashion House (Southern) Ltd, এর পক্ষে খন্দকার ইউনিস আল হোসেন- পরিচালক, Annesha Style Ltd. এর পক্ষে মো: মহসীন হোসেন- সহকারী ব্যবস্থাপক।

পোশাক শিল্প কারখানার সাথে কোয়ালিশনের কাজের উদ্দেশ্য হলো শিল্প কারখানায় নারীর প্রতি সহিংসতা কমানো, সচেতনতা বৃদ্ধি, সরকারী- বেসরকারী প্রতিষ্ঠানের কমপ্লেইন ম্যাকানিজম শক্তিশালী করতে সহযোগিতা বৃদ্ধি, কারখানায় সমন্বিত পরিবর্তন আনয়ন প্রশাসনিক চর্চায় পরিনত করা যা কর্মপরিবেশ উন্নয়ন ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়ক হবে।

আলোকচিত্র: রওশন আরা, সদস্য, নারীপক্ষ